# EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## Weekly Current Affairs – 22th – 28th July' 2025

### জাতীয় ঘটনাবলি

1. ভারতীয় সেনাবাহিনী অপারেশন মহাদেব লঞ্চ করল। এটি শ্রীনগরে এবং জম্মু ও কাশ্মীর সেনাবাহিনী ও পুলিশের একটি যৌথ সন্ত্রাসবিরোধী অভিযান।শ্রীনগরের মহাদেব পর্বতের কাছে দাচিগাম এলাকায় তিন পাকিস্তানি সন্ত্রাসী নিহত হয়েছে। তাদের মধ্যে ছিলেন লস্কর-ই-তৈয়বার শীর্ষ কমান্ডার সুলেমান শাহ ওরফে মুসা ফৌজি। মুসা ছিলেন পহেলগাম সন্ত্রাসী হামলার মূল পরিকল্পনাকারী। এই হামলায় 26 জন বেসামরিক লোক নিহত হয়েছিল।
2. লাদাখে Akash Prime Missile System-এর সফলভাবে পরীক্ষা করল ভারতীয় সেনাবাহিনী। একটি মাঝারি পরিসরের স্থানান্তরযোগ্য ভূমিপৃষ্ঠ থেকে বায়ুতে নিক্ষেপণযোগ্য ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা, যা প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা (DRDO) দ্বারা নির্মিত এবং ক্ষেপণাস্ত্র ব্যবস্থার জন্য ভারত ডায়নামিক্স লিমিটেড (BDL) এবং ভারত ইলেকট্রনিক্স (BEL) দ্বারা উৎপাদিত।
3. Indian Institute of Creative Technology (IICT) তাদের প্রথম ক্যাম্পাস (Phase 1 campus) উদ্বোধন করল মুম্বাইয়ে। এই ক্যাম্পাসে 300 জন শিক্ষার্থীর প্রথম ব্যাচ 2025 সালের সেপ্টেম্বরে তাদের ক্লাস শুরু করবে। পরবর্তীতে IICT মুম্বাইয়ের গোরেগাঁওয়ের ফিল্মসিটিতে একটি স্থায়ী ক্যাম্পাসে সম্প্রসারিত হবে। Animation, Visual Effects, Gaming, Comics, and Extended Reality (AVGC-XR) ক্ষেত্রে শিক্ষা প্রদান করবে এই ইনস্টিটিউট।
4. আনামালাই টাইগার রিজার্ভে ভারতের প্রথম হর্নবিল সংরক্ষণ কেন্দ্র স্থাপন করবে তামিলনাড়ু সরকার।
5. স্থানীয় কৃষি ও উদ্যোক্তাদের উৎসাহিত করতে প্রথমবার আম উৎসব (Longmatra Mango Festival) উদযাপিত হল নাগাল্যান্ডে।
6. মুম্বাইয়ে প্রথম ভারতীয় শোরুম খুললো ইলন মাস্কের ইলেকট্রিক গাড়ি নির্মাণকারী সংস্থা Tesla.
7. মিজোরামের Lungphun Ropui -কে Monument of National Importance হিসেবে ঘোষণা করল Archaeological Survey of India (ASI).
8. আমেরিকা থেকে 3টি Apache Helicopter-এর প্রথম ব্যাচ পেল ভারতীয় সেনাবাহিনী। সর্বমোট 6টি হেলিকপ্টার নেওয়ার জন্য চুক্তি করেছিল ভারত ও আমেরিকা।
9. কেন্দ্রীয় ভূ-বিজ্ঞান মন্ত্রকের (MOES) 19তম প্রতিষ্ঠা দিবস পালন করা হল। এই দিবসে 14 টি নতুন বৈজ্ঞানিক ও ডিজিটাল সরঞ্জামের উন্মোচন করা হল। বর্তমানে কেন্দ্রীয় ভূ-বিজ্ঞান মন্ত্রী হলেন ডঃ জিতেন্দ্র সিং।
10. পাঁচ বছর পর চীনা নাগরিকদের জন্য ভিসা প্রদান শুরু করল ভারত সরকার।
11. ভারতীয় আঞ্চলিক নেভিগেশন স্যাটেলাইট সিস্টেম (IRNSS) কে শক্তিশালী করার জন্য ISRO 2026 সালের মধ্যে আরও তিনটি নেভিগেশন স্যাটেলাইট, NVS-03, NVS-04 এবং NVS-05 উৎক্ষেপণ করবে।ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ISRO) দ্বারা প্রতিষ্ঠিত, নাভিক (NavIC- Navigation with Indian Constellation) হল ভারতের স্বায়ত্তশাসিত আঞ্চলিক নেভিগেশন স্যাটেলাইট সিস্টেম। নাভিক পূর্বে (IRNSS) নামে পরিচিত ছিল।
12. মহারাষ্ট্রের প্রথম কাঁচের সেতু উদ্বোধন করা হল নাপনে জলপ্রপাতের উপর। সিন্ধুরত্ন পর্যটন প্রকল্পের অধীনে এটি নির্মিত হয়েছে।

### আন্তর্জাতিক ঘটনাবলি

1. সিঙ্গাপুরে 32nd SIMBEX (Singapore-India Maritime Bilateral Exercise, পূর্বে নাম ছিল লায়ন কিং) সামুদ্রিক মহড়ায় অংশগ্রহণ করবে ভারতীয় নৌবাহিনী। ভারতের অ্যাক্ট ইস্ট নীতি এবং Security and Growth for All in the Region (SAGAR) নীতিতে পরিচালিত। এর মূল উদ্দেশ্য,সামুদ্রিক হুমকি এবং মানবিক সহায়তা ও দুর্যোগ ত্রাণ (HADR) পরিস্থিতিতে যৌথ প্রতিক্রিয়া ক্ষমতা বিকাশ করা।
2. বলিভিয়ায় 3 লক্ষ হাম-রুবেলা ভ্যাকসিন পাঠালো ভারত। সম্প্রতি বলিভিয়ায় হামের প্রাদুর্ভাব দেখা দিয়েছে এবং জাতীয় স্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে। বলিভিয়ার রাষ্ট্রপতি লুইস আর্স জানিয়েছেন, 1 থেকে 14 বছর বয়সীদের এই ভ্যাকসিন প্রদান করা হবে।
3. ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত 47তম অধিবেশনে 26 টি নতুন স্থানকে ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ তালিকায় অন্তর্ভুক্ত করল World Heritage Committee (WHC).

EDUTOUCH - 9123648141

4. সম্প্রতি কুয়েতের সাথে বিমান পরিষেবা চুক্তি স্বাক্ষর করল ভারত সরকার।
5. The Resistance Front (TRF)-কে একটি সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে ঘোষণা করল আমেরিকা।
6. সেনেগালকে ট্র্যাকোমা মুক্ত হিসেবে ঘোষণা করল বিশ্ব স্বাস্থ্য সংস্থা।
7. দুই বছর আগে ইউনেস্কোতে যোগদানের পর আবারও সদস্যপদ প্রত্যাহার করে নিল আমেরিকা। (মার্কিন যুক্তরাষ্ট্র প্রথমবার 1945 সালে ইউনেস্কোতে যোগদান করে। 1984 সালে সদস্যতা প্রত্যাহার করে, 2003 সালে পুনরায় যোগদান করে, 2017 সালে আবার প্রত্যাহার করে এবং সম্প্রতি 2023 সালে পুনরায় যোগদান করেছিল)।
8. IUCN World Conservation Congress 2025 অনুষ্ঠিত হবে আবুধাবিতে।
9. Tayfun Block-4 Hypersonic Ballistic Missile তৈরি করল তুরস্ক।
10. মালয়েশিয়ার অঙ্কুরিত তেল পাম বীজের বৃহত্তম আমদানিকারক হয়ে উঠল ভারত।
11. সম্প্রতি যুক্তরাজ্যের সাথে Free Trade Agreement স্বাক্ষর করল ভারত।

## নিয়োগ

1. পাটনা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করলেন বিচারপতি বিপুল এম. পাঞ্চোলি।
2. Atal Innovation Mission (AIM) -এর মিশন ডাইরেক্টর হিসেবে দায়িত্ব নিলেন দীপক বাগলা।
3. মণিপুরের নতুন মুখ মুখ্য সচিব সচিব হিসেবে নিযুক্ত হলেন সিনিয়র IAS অফিসার পুনীত কুমার গোয়েল।
4. National Financial Reporting Authority (NFRA) -এর চেয়ারপার্সন হিসেবে নিযুক্ত হলেন প্রাক্তন CBDT চেয়ারম্যান নীতিন গুপ্ত।
5. Bangalore Metro Rail Corporation Limited (BMRCL) -এর নতুন ম্যানেজিং ডিরেক্টর হিসেবে IAS অফিসার জে রবিশঙ্করকে নিযুক্ত করল কর্ণাটক সরকার।
6. ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন বিচারপতি এমএস রামচন্দ্র রাও।
7. Renault Group India -এর নতুন CEO হিসেবে নিযুক্ত হলেন Stephane Deblaise.
8. IKEA India -এর নতুন CEO হিসেবে নিযুক্ত হলেন Patrik Antoni.
9. Gujarat Cooperative Milk Marketing Federation (GCMMF) -এর চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হলেন অশোক চৌধুরী।
10. Axis Bank -এর Whole-time Director হিসেবে নিযুক্ত হয়েছেন নীরজ গম্ভীর।
11. Bajaj Finance-এর ম্যানেজিং ডিরেক্টর পদ থেকে পদত্যাগ করলেন অনুপ কুমার সাহা।
12. সম্প্রতি ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড-এর ডেপুটি চিফ পদ থেকে পদত্যাগ করলেন গীতা গোপীনাথ।

## পুরস্কার

1. প্রথম ভারতীয় হিসেবে FISM 2025-এ 'Oscar for Magicians' জিতলেন সুহানি শাহ। ইতালির টোরিনোতে অনুষ্ঠিত FISM ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে মনোবিদ সুহানি শাহ প্রথম ভারতীয় হিসেবে সেরা জাদু নির্মাতা 2025 পুরস্কার জিতেছেন। এই কৃতিত্ব তাৎপর্যপূর্ণ কারণ FISM বিশ্বব্যাপী জাদুকরদের জন্য সর্বোচ্চ প্ল্যাটফর্ম হিসেবে বিবেচিত হয়, যেখানে মঞ্চ জাদু, ক্লোজ-আপ জাদু এবং অনলাইন জাদুর মতো বিভিন্ন বিভাগে সেরা প্রতিভা প্রদর্শন করা হয়। অনলাইন জাদু বিভাগে তাঁর উদ্ভাবনী অভিনয় এই বিশ্বব্যাপী সম্মান এনে দিয়েছে।
2. Global Finance Magazine কর্তৃক World's Best Consumer Bank 2025 হিসেবে নির্বাচিত হল স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (SBI).
3. চীনের ইয়ানতাই পেংলাই আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল কে প্রিক্স ভার্সাই কর্তৃক 2025 সালের বিশ্বের সবচেয়ে সুন্দর বিমানবন্দর হিসেবে মনোনীত করা হয়েছে।

## দিন/থিম

1. Pi Approximation Day পালন করা হয় 22 জুলাই। (পাই হল একটি বৃত্তের পরিধি এবং ব্যাসের ধ্রুবক অনুপাত,যার মান প্রায় 3.14159. পাই দিবস বিভিন্ন ক্ষেত্রে পাই-এর গুরুত্ব তুলে ধরে এবং 22/7 আনুমানিকতার ঐতিহাসিক ব্যবহারকে স্বীকৃতি দেয়। এটি গণিতের সাথে জড়িত থাকার জন্যও একটি দিন হিসেবে পালিত হয়।)
2. ভারতে ইনকাম ট্যাক্স বা আয়কর দিবস পালন করা হয় 24 জুলাই। এই দিনটি ভারতের অর্থনৈতিক ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত, কারণ 1860 সালে 24 জুলাই, ব্রিটিশ ভারতে আয়কর ব্যবস্থা সূচনা করেন জেমস উইলসন।


Edutouch Coaching Institute, Berhampore (W.B), Call - 9123648141/7586049871, Edutouchinstitute.com
EDUTOUCH-9123648141

3. কার্গিল বিজয় দিবস পালিত হয় 26 জুলাই। (অপারেশন বিজয় নামে পরিচিত এই অভিযানটি 8 মে থেকে 26 জুলাই, 1999 পর্যন্ত স্থায়ী হয়েছিল এবং 527 জন ভারতীয় সৈন্যের সর্বোচ্চ আত্মত্যাগ, সাহসিকতার ফলে পাকিস্তানি সৈন্য এবং জঙ্গিদের দ্বারা অনুপ্রবেশকারী পাহাড়ি অবস্থানগুলি পুনরুদ্ধার করে ভারত।)

## খেলাধুলা

1. 10th Junior National Rugby 7s Championship 2025 -এ U18 বিভাগে পুরুষ ও মহিলা উভয়ক্ষেত্রে জয়ী হল বিহার।
2. Chess World Cup 2025 আয়োজন করবে ভারত।
3. হাঙ্গেরির বুদাপেস্টে অনুষ্ঠিত Polyak Imre & Varga Janos Memorial 2025 রেসলিং টুর্নামেন্টে স্বর্ণপদক জিতলেন ভারতীয় কুস্তিগীর সুজিত কালকাল।
4. সম্প্রতি ফুটবল থেকে অবসর ঘোষণা করলেন অদিতি চৌহান। তিনি ছিলেন একজন ভারতীয় মহিলা পেশাদার ফুটবলার,তিনি রুশ ও ভারতীয় মহিলা জাতীয় দলের জন্য গোলরক্ষক হিসেবে খেলেন।
5. পাটনায় First Indian Open Athletics Meet আয়োজন করবে বিহার।
6. জার্মানির রাইন-রুহরে অনুষ্ঠিত FISU World University Games 2025 -এ ব্রোঞ্জ পদক জিতল ভারতের মিক্সড ব্যাডমিন্টন টিম।
7. Japan Open Men's Singles Title 2025 জিতলেন চীনের ব্যাডমিন্টন খেলোয়াড় Shi Yuqi. Women's Singles Title জিতলেন An Se-young.
8. পরবর্তী তিনটি World Test Championship (2027, 2029, 2031) ফাইনাল আয়োজনের দায়িত্ব পেল ইংল্যান্ড। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ (WTC) 2019 সালে শুরু হয়েছিল। এটি টেস্ট ক্রিকেটের একটি লীগ প্রতিযোগিতা, দুই বছরের চক্রের পর শীর্ষ দুটি দলের মধ্যে একটি ফাইনাল ম্যাচের মাধ্যমে বিজয়ী ঘোষিত হয়। 2019-2021 বর্ষে ভারতকে হারিয়ে WTC বিজয়ী হয় নিউজিল্যান্ড। 2021-2023 বর্ষে ভারতকে হারিয়ে WTC বিজয়ী হয় অস্ট্রেলিয়া। 2023-2025 বর্ষে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল ম্যাচটি 11 জুন থেকে 14 জুন, 2025 লন্ডনের লর্ডস ক্রিকেট গ্রাউন্ডে অনুষ্ঠিত হয়েছে। দক্ষিণ আফ্রিকা অস্ট্রেলিয়াকে 5 উইকেটে হারিয়ে তাদের প্রথম WTC শিরোপা জিতেছে।
9. FIDE Women's Chess World Cup-এর ফাইনালে পৌঁছানো প্রথম ভারতীয় মহিলা হলেন দিব্যা দেশমুখ।
10. প্রথম ভারতীয় মহিলা হিসেবে FIDE Women's Chess World Cup -এর সেমিফাইনালে পৌঁছালেন কোনেরু হাম্পি।
11. 19 বছর বয়সী দিব্যা দেশমুখ কোনেরু হাম্পিকে হারিয়ে FIDE মহিলা বিশ্বকাপ জিতেছেন এবং দাবায় ভারতের চতুর্থ গ্র্যান্ডমাস্টার হয়েছেন।
12. Las Vegas Freestyle Chess Grandslam 2025 জিতলেন Levon Arnoian.
13. Meeting Maia Cidade do Desporto 2025 -এ স্বর্ণপদক জিতলেন ভারতীয় লং জাম্পার মুরালি শ্রীশঙ্কর।
14. Indian Golf Premier League -এর সহ-মালিক এবং ব্র্যান্ড অ্যাম্বাসেডর হলেন যুবরাজ সিং।

## প্রকল্প/ পরিষেবা

1. 125 ইউনিট পর্যন্ত বিনামূল্যে বিদ্যুৎ প্রদানের ঘোষণা করল বিহার। এই স্কিমটি, মুখ্যমন্ত্রী বিদ্যুৎ উপভোক্তা সহায়তা যোজনার অধীনে প্রদত্ত, এর দ্বারা প্রায় 1.67 কোটি পরিবার উপকৃত হবে।
2. দুগ্ধ চাষীদের সহায়তা করতে দুধ ভর্তুকি প্রকল্প চালু করল আসাম সরকার। প্রতি লিটার দুধে 5 টাকা করে ভর্তুকি প্রদান করবে রাজ্য সরকার।
3. ভারতের প্রথম Mining Tourism Project চালু হতে চলেছে ঝাড়খণ্ডে। (খনি পর্যটন প্রকল্পের মাধ্যমে চালু বা পরিত্যক্ত খনির স্থানগুলিকে পর্যটন আকর্ষণে রূপান্তরিত করা হবে। এই প্রকল্পগুলি দর্শনার্থীদের খনির সাথে সম্পর্কিত ইতিহাস, সংস্কৃতি এবং প্রযুক্তি সম্পর্কে জানার সুযোগ দেবে, পাশাপাশি খনির কার্যকলাপের ফলে তৈরি প্রাকৃতিক ভূদৃশ্যগুলি প্রদর্শিত হবে।)
4. ন্যাশনাল লিগ্যাল সার্ভিসেস অথরিটি (NALSA) বীর পরিবার সহায়তা যোজনা 2025 চালু করেছে। এর মূল লক্ষ্য প্রতিরক্ষা কর্মী এবং তাদের পরিবারের জন্য আইনি সহায়তা পরিষেবা শক্তিশালী করা।

## বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. 2025 সালের জুন মাসে ভারতের শিল্প উৎপাদন 1.5% বৃদ্ধি পেয়েছে। কেন্দ্রীয় পরিসংখ্যান ও কর্মসূচি বাস্তবায়ন মন্ত্রণালয় (MOSPI) কর্তৃক এই রিপোর্ট প্রকাশিত হয়েছে। (উৎপাদন খাতে 3.9% বৃদ্ধি, খনি খাতে 8.7% হ্রাস ও বিদ্যুৎ খাতে 2.6% হ্রাস পেয়েছে)।

EDUTOUCH-9123648141

## অ্যাপ ও পোর্টাল

1. বিশ্বব্যাপী মিজো জনগণদের সাথে সংযোগ স্থাপনের জন্য Mizo DiasporaHub Portal Portal চালু করলেন মিজোরামের মুখ্যমন্ত্রী লালদুহোম।

## বিবিধ

1. 66th International Mathematical Olympiad 2025-এ ভারত 3 টি স্বর্ণ , 2 টি রৌপ্য এবং 1 টি ব্রোঞ্জ-সহ মোট 6 টি পদক জিতেছে। পদক তালিকায় সপ্তমতম স্থান অর্জন করেছে ভারত; প্রথম স্থানে রয়েছে চীন।
2. Travel+ Leisure World's Best Awards-এ বিশ্বের শীর্ষ 10 আন্তর্জাতিক এয়ারপোর্টের তালিকায় নবম স্থান পেল মুম্বাইয়ের ছত্রপতি শিবাজী মহারাজ ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট।
3. 57th International Chemistry Olympiad (IChO) অনুষ্ঠিত হল সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে।

## মৃত্যু বার্তা

1. সম্প্রতি 87 বছর বয়সে মারা গেলেন পদ্মভূষণ পুরস্কারপ্রাপ্ত কন্নড় অভিনেত্রী বি. সরোজা দেবী।
2. ভারতের প্রাক্তন প্রধান জলবায়ু আলোচক বিজয় শর্মা 75 বছর বয়সে প্রয়াত হলেন। তিনি ভারতের পরিবেশ সচিব, প্রধান তথ্য কমিশনার এবং 1997 সালে কিয়োটো প্রোটোকল গঠনের সময় তিনি ভারতের প্রধান জলবায়ু আলোচক ছিলেন।
3. সম্প্রতি 77 বছর বয়সে প্রয়াত হলেন পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত থিয়েটার কিংবদন্তি রতন থিয়াম।

EDUTOUCH - 9123648141